# ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩২ বর্ষ ৪র্থ সংখ্যা | ওয়েব সাইট : http://www.du.ac.bd (DU Barta) | ১৬ ফাল্গুন ১৪২৪, ২৮ ফেব্রুয়ারি ২০১৮



গত ২১ ফেব্রুয়ারি ২০১৮ এর প্রথম প্রহরে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে কেন্দ্রীয় শহীদ মিনারে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে পুষ্পস্তবক অর্পণ করেন রাষ্ট্রপতি মো: আব্দুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

## মহান শহীদ দিবস এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপনে সকলের সহযোগিতার জন্য উপাচার্যের ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন



অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মহান শহীদ দিবস এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদায় ভাবগম্ভীর পরিবেশে শান্তিপূর্ণ ও সুশৃঙ্খলভাবে পালনের জন্য সর্বস্তরের জনসাধারণকে আন্তরিক ধন্যবাদ জানিয়েছেন।

মহান শহীদ দিবস এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপনে বিশ্ববিদ্যালয় একুশে উদ্‌যাপন কেন্দ্রীয় সমন্বয় কমিটি কর্তৃক গৃহীত সব কর্মসূচীর সফল বাস্তবায়নে ছাত্র, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীসহ ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবারের সকল সদস্য, ঢাকা মেট্রোপলিটন পুলিশ ও র‌্যাবসহ অন্যান্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহ এবং গণমাধ্যমসহ সকলের সর্বাত্মক সহযোগিতার জন্য উপাচার্য কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন।

## যথাযোগ্য মর্যাদায় অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত ২১ ফেব্রুয়ারি ২০১৮ মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পালিত হয়েছে।

একুশের প্রথম প্রহরে ভাষাশহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করতে আসা অতিথিদের স্বাগত জানান উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। সর্বপ্রথম শহীদ বেদীতে পুষ্পস্তবক অর্পণ করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এরপর শ্রদ্ধা নিবেদন করেন জাতীয় সংসদের স্পিকার শিরীন শারমিন চৌধুরী, বিরোধীদলীয় নেত্রী রওশন এরশাদসহ অন্যান্যরা। বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শহীদ বেদীতে পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় সিনেট-সিন্ডিকেট সদস্যসহ বিশ্ববিদ্যালয় পরিবারের সদস্যগণ উপস্থিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালসহ সমিতির নেতৃবৃন্দ, অন্যান্য সমিতি এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলের প্রভোস্টের নেতৃত্বে ছাত্র-ছাত্রীরা শহীদ বেদীতে পুষ্পস্তবক অর্পণ করেন।

বিশ্ববিদ্যালয়ের কর্মসূচীর অংশ হিসেবে ২১ ফেব্রুয়ারি সকালে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান-এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের সিনেট ও সিন্ডিকেট সদস্যবৃন্দ, ছাত্র-ছাত্রী, শিক্ষক, অফিসার ও কর্মচারীবৃন্দের একটি প্রভাতফেরী অপরাজেয় বাংলার পাদদেশ থেকে শুরু হয়ে আজিমপুর কবরস্থানে ভাষা আন্দোলনের শহীদদের কবরে শ্রদ্ধা জ্ঞাপন করে। এ সময় ফাতেহা পাঠ করা হয়। প্রভাতফেরী সহকারে পরে কেন্দ্রীয় শহীদ মিনারে গিয়ে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়। বাদ জোহর বিশ্ববিদ্যালয় মসজিদুল জামিয়া, সকল হলের মসজিদ এবং বিশ্ববিদ্যালয় আবাসিক এলাকার মসজিদসহ অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে ভাষা শহীদদের রুহের মাগফেরাত/শান্তি কামনা করে বিশেষ মোনাজাত/প্রার্থনা অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, প্রতি বছরের মতো এ বছরও যথাযোগ্য মর্যাদার সাথে দিবসটি পালনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের উদ্দেশ্যে একটি শক্তিশালী 'অমর একুশে উদ্‌যাপন কেন্দ্রীয় সমন্বয় কমিটি' এবং বিভিন্ন সাব-কমিটি গঠন করা হয়।



গত ২১শে ফেব্রুয়ারি ২০১৮ মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে একুশের প্রথম প্রহরে ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান-এর নেতৃত্বে কেন্দ্রীয় শহীদ মিনারের বেদীতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।



গত ২১শে ফেব্রুয়ারি ২০১৮ মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে একুশের প্রথম প্রহরে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালসহ সমিতির নেতৃবৃন্দ কেন্দ্রীয় শহীদ মিনারের বেদীতে পুষ্পস্তবক অর্পণ করেন।



মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে গত ২১শে ফেব্রুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান-এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের সিনেট-সিন্ডিকেট সদস্যবৃন্দ, ঢাবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালসহ সমিতির নেতৃবৃন্দ, ছাত্র-ছাত্রী, শিক্ষক, অফিসার ও কর্মচারীদের একটি প্রভাতফেরী বিশ্ববিদ্যালয় অপরাজেয় বাংলার পাদদেশ থেকে শুরু হয়ে আজিমপুর কবরস্থানে গমন করে এবং ভাষা আন্দোলনের শহীদদের কবরে পুষ্পস্তবক অর্পণ করেন।

### নবায়নযোগ্য জ্বালানী সম্মেলন ও গ্রিন এক্সপো-২০১৮

## পরিবেশ দূষণ বিষয়ে সচেতনতা সৃষ্টি করা এখন সময়ের দাবী-উপাচার্য




ঢাকা বিশ্ববিদ্যালয় শক্তি ইনস্টিটিউট ও বাংলাদেশ সৌরশক্তি সমিতির যৌথ উদ্যোগে ১৮তম নবায়নযোগ্য জ্বালানী সম্মেলন ও নবায়নযোগ্য শক্তি প্রযুক্তির সরঞ্জামাদি প্রদর্শনী গত ১৩ ফেব্রুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। এবারের সম্মেলনের প্রতিপাদ্য ছিল 'Sustainable Energy Management'। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে তিনদিনব্যাপী জাতীয় সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর জ্বালানি বিষয়ক উপদেষ্টা ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী বীরবিক্রম। বিশেষ অতিথি ছিলেন এনার্জি এন্ড পাওয়ার রিসার্চ কাউন্সিল (ইপিআরসি)-এর চেয়ারম্যান মিসেস সাহিন আহমেদ চৌধুরী, সাসটেইনেবল অ্যান্ড রিনিউএ্যাবল এনার্জি ডেভেলপমেন্ট অথরিটি (স্রেডা)-এর চেয়ারম্যান হেলাল উদ্দিন ও স্রেডার সদস্য সিদ্দিক জোবাইর। অনুষ্ঠানে শক্তি ইনস্টিটিউটের পরিচালক ও বাংলাদেশ সৌরশক্তি সমিতির সভাপতি অধ্যাপক ড. সাইফুল হক স্বাগত বক্তব্য দেন।


সম্মেলনের প্রতিপাদ্য অনুযায়ী 'হাউজহোল্ড, এনার্জি রিকোয়ারমেন্ট এন্ড সলিউশন- (২য় পৃষ্ঠায় দেখুন)

## ২০২১ সালের মধ্যে ঢাবি'র সকল শিক্ষার্থীকে স্বাস্থ্যবীমার আওতায় আনা হবে- উপাচার্য



উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেছেন ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে ২০২১ সালে বিশ্ববিদ্যালয়ের শতবর্ষ পূর্তির আগেই সকল শিক্ষার্থীকে স্বাস্থ্যবীমা প্রকল্পের আওতায় আনা হবে। গত ২৪ ফেব্রুয়ারি ২০১৮ উদ্ভিদবিজ্ঞান বিভাগ অ্যালামনাই এসোসিয়েশন এবং ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগ অ্যালামনাই এসোসিয়েশনের পৃথক পৃথক পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগ অ্যালামনাই এসোসিয়েশনের পুনর্মিলনী অনুষ্ঠান টিএসসি মিলনায়তনে অনুষ্ঠিত হয়। ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মো. আবু তালেবের সভাপতিত্বে অনুষ্ঠানে বাংলাদেশ ব্যাংকের গভর্ণর ফজলে কবির সম্মানিত অতিথি এবং (২য় পৃষ্ঠায় দেখুন)



ঢাকা বিশ্ববিদ্যালয় জগন্নাথ হল অ্যালামনাই অ্যাসোসিয়েশনের উদ্যোগে গত ১২ ফেব্রুয়ারি ২০১৮ জাতীয় নেতা সুরঞ্জিত সেনগুপ্ত-এর প্রথম মৃত্যুবার্ষিকী উপলক্ষে এক স্মরণসভা বিশ্ববিদ্যালয়ের মুজাফ্ফর আহমেদ চৌধুরী মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিল্পমন্ত্রী আলহাজ্ব আমির হোসেন আমু, এমপি। এতে বিশেষ অতিথি ছিলেন যুব ও ক্রীড়া বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ড. বীরেন শিকদার, ঐক্য ন্যাপের সভাপতি পংকজ ভট্টাচার্য, বাংলাদেশের কমিউনিস্ট পার্টির সভাপতি মুজাহিদুল ইসলাম সেলিম, বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সাধারণ সম্পাদক রাণা দাশগুপ্ত এবং ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল। স্মরণসভায় সভাপতিত্ব করেন অ্যাসোসিয়েশনের সভাপতি পান্না লাল দত্ত।

# ২০২১ সালের মধ্যে ঢাবি'র সকল শিক্ষার্থীকে স্বাস্থ্যবীমার আওতায় আনা হবে- উপাচার্য

(১ম পৃষ্ঠার পর) বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডের চেয়ারম্যান আরাস্ত খান ও ঢাকা ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ মাহবুবুর রহমান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. এ আর খানকে আজীবন সম্মাননা প্রদান করা হয়।

এরআগে, ঢাকা বিশ্ববিদ্যালয় উদ্ভিদবিজ্ঞান বিভাগ এলামনাই এসোসিয়েশনের তৃতীয় পুনর্মিলনী অনুষ্ঠান কার্জন হল চত্বরে অনুষ্ঠিত হয়। উদ্ভিদবিজ্ঞান বিভাগ এলামনাই এসোসিয়েশনের সভাপতি অধ্যাপক ড. কাজী আব্দুল ফাত্তাহ্-এর সভাপতিত্বে অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশনের সভাপতি এ কে আজাদ এবং হামদর্দ বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি ড. হাকীম রফিকুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। স্বাগত বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয় উদ্ভিদ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আবুল বাসার।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, দেশ ও জাতির সার্বিক উন্নয়ন ও অগ্রগতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এলামনাইগণ অনন্য অবদান রেখে চলেছেন। সুস্থ জাতি গঠনে শিক্ষার্থীদের সুস্থ মন ও দেহ দরকার মন্তব্য করে তিনি বলেন, সকল শিক্ষার্থীর স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে সংশ্লিষ্টদের এগিয়ে আসতে হবে। সামাজিক চাহিদা পূরণে যুগোপযোগী গবেষণা কার্যক্রম পরিচালনার ওপর গুরুত্বারোপ করে উপাচার্য বলেন, ২০২১ সালের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়কে বিশ্ব র‌্যাকিং-এর শীর্ষে আনতে এলামনাইদের স্ব স্ব অবস্থান থেকে কাজ করতে হবে।



ঢাকা বিশ্ববিদ্যালয় ৪৯তম আন্তঃহল এ্যাথলেটিক্স প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ১২ ফেব্রুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এ্যাথলেটিক্স কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়ার সভাপতিত্বে সমাপনী অনুষ্ঠানে বিভিন্ন হলের প্রভোস্ট, আবাসিক শিক্ষক, বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক, কর্মকর্তা ও বিপুল সংখ্যক প্রতিযোগী উপস্থিত ছিলেন।



ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তঃহল ভলিবল প্রতিযোগিতা (ছাত্রছাত্রী)-এর সমাপণী অনুষ্ঠান গত ১৮ ফেব্রুয়ারি ২০১৮ কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয় ভলিবল কমিটির সভাপতি ও বিজয় একাত্তর হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূইয়া সভাপতিত্ব করেন। ছবিতে অতিথিদের সাথে বিজয়ী ও রানার আপ হলের শিক্ষার্থীদের দেখা যাচ্ছে।




বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের পথশিশু পুনর্বাসন কার্যক্রমের উদ্যোগে 'পথশিশুদের ক্রিকেট ও ফুটবল টুর্নামেন্ট ২০১৮'-এর 'সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান' গত ১৯ ফেব্রুয়ারি ২০১৮ জগন্নাথ হল মাঠে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব বেগম লায়লা জেসমিন। ছবিতে উপাচার্যের সাথে অংশগ্রহণকারী ও পুরস্কারপ্রাপ্ত পথ শিশুদের দেখা যাচ্ছে।

# অধ্যাপক ডা. এ এস এম জাকারিয়ার মৃত্যুতে উপাচার্যের শোক

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এ এস এম জাকারিয়া (স্বপন)-এর মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৪ বছর।

গত ১৪ ফেব্রুয়ারি ২০১৮ এক শোকবাণীতে উপাচার্য বলেন, অধ্যাপক ডা. এ এস এম জাকারিয়া স্বপন বাংলাদেশের চিকিৎসা অঙ্গনে বিশেষজ্ঞ চিকিৎসক হিসেবে বিশেষ অবদান রাখেন। চিকিৎসা প্রশাসনে তিনি বিশেষ দক্ষতার পরিচয় দিয়েছেন। তিনি শুধু চিকিৎসক ছিলেন না একজন লেখক হিসেবেও সুপরিচিত ছিলেন। তাঁর মৃত্যুতে এক অপূরণীয় ক্ষতি হলো।

উপাচার্য মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

অধ্যাপক ডা. এ এস এম জাকারিয়া স্বপন ১৯৬৪ সালের ২ এপ্রিল ময়মনসিংহ জেলার ত্রিশালের মঠবাড়ি গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর মাতার নাম আমিনা খাতুন ও পিতার নাম মরহুম আজিজুর রহমান। ১৯৮৮ সালে তিনি ঢাকার স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ থেকে এমবিবিএস পাস করেন। ১৯৯৩ সালে তিনি এমপিএইচ এবং ১৯৯৯ সালে এমডি ডিগ্রি লাভ করেন। বিশিষ্ট চর্ম ও যৌনব্যাধি বিশেষজ্ঞ জাকারিয়া স্বপন স্বাচিপ কেন্দ্রীয় কমিটির যুগ্ম-সাধারণ সম্পাদক এবং স্বাচিপের বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক। তিনি বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন (বিএমএ) এর কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটিরও সদস্য।

# আব্দুর রশিদের মৃত্যুতে উপাচার্যের শোক

ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই)-এর সাবেক কাউন্সিলর এম আব্দুর রশিদের মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ১০১ বছর। মৃত্যুকালে তিনি চার ছেলে, দুই মেয়ে, নাতি-নাতনিসহ অসংখ্য আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব ও শুভাকাঙ্ক্ষী রেখে গেছেন।

গত ১৪ ফেব্রুয়ারি ২০১৮ এক শোকবাণীতে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, আব্দুর রশীদ একজন ধর্মপ্রাণ, জনদরদী মানুষ ছিলেন। 'প্রবীণ আলীগড়িয়ান' হিসেবে তিনি বিশেষ পরিচিত ছিলেন।

উপাচার্য মরহুমের রূহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

# মাহতাব উদ্দিন আহমেদের মৃত্যুতে উপাচার্যের শোক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবসরপ্রাপ্ত ডেপুটি রেজিস্ট্রার মাহতাব উদ্দিন আহমেদ-এর মৃত্যুতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

গত ১৮ ফেব্রুয়ারি ২০১৮ এক শোকবাণীতে উপাচার্য বলেন, মাহতাব উদ্দিন আহমেদ বিশ্ববিদ্যালয়ের একজন নিষ্ঠাবান কর্মকর্তা ছিলেন। উপাচার্য মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

মাহতাব উদ্দিন আহমেদ ১৯৪৬ সালের ২২ জানুয়ারি জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ২০০৬ সালে অবসর গ্রহণ করেন। অবসর গ্রহণের পরও প্রায় তিন বছর তিনি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজে যুক্ত ছিলেন।

উল্লেখ্য, মাহতাব উদ্দিন আহমেদ গত ১৭ ফেব্রুয়ারি ২০১৮ মৃত্যুবরণ করেন। তাঁর বয়স হয়েছিল ৭২ বছর।

# ড. জিসি দেব স্মরণে বিশেষ সেমিনার



আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন মানবতাবাদী দার্শনিক অধ্যাপক ড. গোবিন্দচন্দ্র দেবের ১১১তম জন্মবার্ষিকী উপলক্ষে এক বিশেষ সেমিনার গত ১৪ ফেব্রুয়ারি ২০১৮ আর.সি. মজুমদার আর্টস মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় গোবিন্দ দেব দর্শন গবেষণা কেন্দ্র এই সেমিনারের আয়োজন করে।

প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদের সভাপতিত্বে সেমিনারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি এবং কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। 'বাংলাদেশের সংবিধান: রাষ্ট্রদার্শনিক পর্যালোচনা' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগের অধ্যাপক ড. হারুন রশীদ। আলোচনায় অংশ নেন দর্শন বিভাগের প্রবীণ অধ্যাপক ড. আমিনুল ইসলাম। গোবিন্দ দেব দর্শন গবেষণা কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. প্রদীপ কুমার রায় অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রয়াত অধ্যাপক জিসি দেবের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। তিনি অধ্যাপক জিসি দেবের জীবনাদর্শ থেকে শিক্ষা নিয়ে সামনে এগিয়ে যাওয়ার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, অধ্যাপক ড. গোবিন্দ চন্দ্র দেব ১৯০৭ সালের ১ ফেব্রুয়ারি সিলেট জেলার পঞ্চখণ্ড পরগণার লাউতা গ্রামে জন্মগ্রহণ করেন। ১৯২৫ সালে স্থানীয় হরগোবিন্দ হাই স্কুল থেকে তিনি প্রথম বিভাগে ম্যাট্রিক পাশ করেন। ১৯২৭ সালে তিনি কলকাতার রিপন কলেজ থেকে প্রথম বিভাগে আই এ এবং ১৯২৯ সালে সংস্কৃত কলেজ থেকে দর্শনে অনার্সসহ বিএ পাশ করেন। তিনি ১৯৩১ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগের এম এ পরীক্ষায় প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকার করেন। ১৯৫৩ সালে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগে লেকচারার হিসাবে যোগদেন এবং ১৯৬৭ সালে অধ্যাপক পদে পদোন্নতি লাভ করেন। আজীবন তিনি অকৃতদার ছিলেন। ১৯৭১ সালের ২৫ মার্চ কালরাতে তিনি জগন্নাথ হলের প্রভোস্ট বাংলোয় পাক-হানাদার বাহিনীর গুলিতে নিহত হন।

# পরিবেশ দূষণ বিষয়ে সচেতনতা সৃষ্টি করা এখন সময়ের দাবী-উপাচার্য

(১ম পৃষ্ঠার পর) অল্টারনেটিভ কুক স্টোভ এনার্জি' বিষয়ক গবেষণা প্রতিবেদন উপস্থাপিত হয়। প্রতিবেদনের ওপর আলোচনায় অংশগ্রহণ করেন শক্তি ইনস্টিটিউটের সহকারী অধ্যাপক ড. এস এম নাসিফ শামস্, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সাবেক উপাচার্য অধ্যাপক ড. কে.এম. রেজওয়ান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষনা পরিষদের (বিসিএসআইআর) জ্যেষ্ঠ বৈজ্ঞানিক কর্মকর্তা ড. সামিয়া তাবাচ্ছুম এবং প্র্যাকটিক্যাল এ্যাকশন (বিডি)-এর উত্তম কুমার সাহা। অনুষ্ঠানে বক্তারা আবাসিক রান্নার বিকল্প হিসেবে পরিবেশবান্ধব সৌরশক্তি ও বায়োগ্যাসের ব্যবহার এবং এর নানাবিধ ইতিবাচক প্রভাব নিয়েও তাঁদের বক্তব্যে আলোকপাত করেন।

প্রধান অতিথির বক্তৃতায় ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী বীরবিক্রম বলেন, প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প অনুযায়ী বাংলাদেশকে মধ্যম আয়ের দেশ ও উন্নত দেশে পরিণত করার পরিকল্পনা বাস্তবায়ন করতে হলে নতুন প্রজন্মকে বিজ্ঞানমনস্ক হয়ে সৃজনশীল উদ্ভাবনে কাজ করতে হবে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ভাষার মাসে ভাষা শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করে বলেন, এই ধরনের সম্মেলনে তথ্যের যে আদান প্রদান হয় তাতে নতুন ধারনা পাওয়া যায়। সেই ধারনা থেকে আমরা বিবেচনা করতে পারি কোনটা টেকসই, কার্যকর ও পরিবেশবান্ধব। গৃহস্থালীর রান্নার কাজে ব্যবহৃত বিভিন্ন ধরনের চুলার ব্যবহারে গ্রাম ও শহরভিত্তিক বিবর্তনের প্রসঙ্গ টেনে উপাচার্য বলেন, রান্নার জন্য তাই পরিবেশ দূষণ বিষয়ে সচেতনতা সৃষ্টি করা এখন সময়ের দাবী।

এছাড়া, উদ্বোধনী অনুষ্ঠানে বাৎসরিক সংকলন Enerzine-এর মোড়ক উন্মোচন করা হয়। ৩দিনব্যাপী সম্মেলনে ছিল নবায়নযোগ্য জ্বালানি বিষয়ক টেকনিক্যাল সেশন, শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা, এনার্জি অলিম্পিয়াড ও বিতর্ক প্রতিযোগিতা। নবায়নযোগ্য জ্বালানি বিষয়ক উদ্ভাবনী পণ্যের প্রদর্শনীতে ২৫টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। শক্তি ইনস্টিটিউট উদ্ভাবিত 'সোলার ইলেকট্রিক ইনডাকশন কুকার'সহ অন্যান্য উদ্ভাবনী সামগ্রীও প্রদর্শিত হয়।



ঢাকা বিশ্ববিদ্যালয় কর্মকর্তাদের ব্যবহারের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রদত্ত দু'টি বাস গত ৭ ফেব্রুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান উদ্বোধন করেন। নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন প্রাঙ্গনে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন উপস্থিত ছিলেন। এসময় বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক, পদস্থ কর্মকর্তা এবং অফিসার্স এসোসিয়েশনের সদস্যবৃন্দও উপস্থিত ছিলেন।

# উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ



যাদবপুর বিশ্ববিদ্যালয় অর্থনীতি বিভাগের প্রাক্তন চেয়ারম্যান এবং ওয়েস্ট বেঙ্গল কমিশন ফর ব্যাকওয়ার্ড ক্লাসেস-এর সদস্য অধ্যাপক ড. দিলীপ হালদার গত ১২ ফেব্রুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

## ভারতীয় অধ্যাপক

যাদবপুর বিশ্ববিদ্যালয় অর্থনীতি বিভাগের প্রাক্তন চেয়ারম্যান এবং ওয়েস্ট বেঙ্গল কমিশন ফর ব্যাকওয়ার্ড ক্লাসেস-এর সদস্য অধ্যাপক ড. দিলীপ হালদার গত ১২ ফেব্রুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

এসময় ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি এন্ড সায়েন্সেস (ইউআইটিএস)-এর উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান এবং ঢাকা বিশ্ববিদ্যালয় মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. বেলায়েত হোসেন উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা বাংলাদেশ এবং ভারতের জনগণের মধ্যে সুদৃঢ় বন্ধন রচনার লক্ষ্যে দু'দেশের সাংস্কৃতিক বিনিময় কার্যক্রম জোরদার করার ওপর গুরুত্বারোপ করেন। ভারতীয় অধ্যাপক ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা উন্নয়নে বুদ্ধিবৃত্তিক সহায়তা প্রদানে আগ্রহ প্রকাশ করেন। এই আগ্রহের জন্য উপাচার্য অতিথিকে ধন্যবাদ দেন।



জাপানের সফটওয়্যার কোম্পানি টয়ো সিস্টেম বিডি লিমিটেড-এর চেয়ারম্যান টেটসুরো ইদা গত ৭ ফেব্রুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।



যুক্তরাষ্ট্রের ক্লেমসন ইউনিভার্সিটির অধ্যাপক ড. তৌফিকুর খান গত ৭ ফেব্রুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

## ঢাবি এবং টোকিও ইউনিভার্সিটি অব ফরেন স্টাডিজ-এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত



ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জাপানের টোকিও ইউনিভার্সিটি অব ফরেন স্টাডিজ-এর মধ্যে গত ১৩ ফেব্রুয়ারি ২০১৮ একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এবং টোকিও ইউনিভার্সিটি অব ফরেন স্টাডিজ-এর প্রেসিডেন্ট অধ্যাপক হিরোতাকা তাতেশি নিজ নিজ বিশ্ববিদ্যালয়ের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. শিশির ভট্টাচার্য্য, জাপানিজ ল্যাঙ্গুয়েজ এন্ড কালচার প্রোগ্রামের টিচার ইনচার্জ ড. মোহাম্মদ আনছারুল আলম, টোকিও ইউনিভার্সিটি অব ফরেন স্টাডিজ-এর অধ্যাপক ড. নানোরি কুসাকাবে এবং ঢাকাস্থ জাপানী প্রতিষ্ঠান 'শাপলা নীড়'-এর তহবিল সংগ্রহ শাখার সমন্বয়কারী আয়াকো ইনোসে উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারক অনুযায়ী, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জাপানের টোকিও ইউনিভার্সিটি অব ফরেন স্টাডিজ যৌথভাবে গবেষণা কার্যক্রম পরিচালনা করবে। এছাড়া, উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক ও শিক্ষার্থী বিনিময় করা হবে।

চুক্তি স্বাক্ষরের আগে জাপানের টোকিও ইউনিভার্সিটি অব ফরেন স্টাডিজ-এর অধ্যাপক ড. নানোরি কুসাকাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জাপানের টোকিও ইউনিভার্সিটি অব ফরেন স্টাডিজ-এর মধ্যে বাংলা ভাষা ও জাপানী ভাষা বিষয়ে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। জাপানী অধ্যাপক জানান, ২০১২ সাল থেকে টোকিও ইউনিভার্সিটি অব ফরেন স্টাডিজ-এ বাংলায় অনার্স কোর্স চালু রয়েছে। চলমান এই বাংলা ভাষা কোর্সের উন্নয়নে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সহযোগিতা চান। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এ বিষয়ে সম্ভাব্য সকল সহযোগিতার আশ্বাস দেন।

## 'সাম্প্রতিক সময়ে বাংলাদেশে আবহাওয়াবিজ্ঞানের অগ্রগতি' শীর্ষক সেমিনার

ঢাকা বিশ্ববিদ্যালয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের উদ্যোগে 'সাম্প্রতিক সময়ে বাংলাদেশে আবহাওয়াবিজ্ঞানের অগ্রগতি' শীর্ষক দিনব্যাপী সেমিনার গত ১৫ জানুয়ারি ২০১৮ রফিকুল ইসলাম খান মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. তৌহিদা রশীদের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে বিশেষ অতিথি ছিলেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল এবং বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পরিচালক সামছুদ্দিন আহমেদ। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশিষ্ট আবহাওয়া বিশেষজ্ঞ অধ্যাপক ড. আব্দুল কাদির।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান তাঁর বক্তব্যে বলেন, আবহাওয়াবিজ্ঞান শুধু তত্ত্বীয় শিক্ষা নয়, এটি ব্যবহারিক এবং প্রযুক্তি ও গবেষণা নির্ভর একটি শিক্ষা। একটি দেশ যখন উন্নয়নের দিকে অগ্রসর হয়, তখন কতকগুলো ক্ষেত্র চিহ্নিত করে সে বিষয়ে পরিকল্পনা করতে হয় এবং আবহাওয়া তাদের মধ্যে অন্যতম। আবহাওয়ার পূর্বাভাস শুধু উপকূলীয় মানুষের জন্য নয়, আজ সেটি আমাদের প্রাত্যহিক জীবনের অংশ হয়ে পড়েছে। মানুষের সামাজিক সংস্কৃতির অংশ হিসেবেও আবহাওয়ার গুরুত্ব অপরিসীম।

## আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে দুই বাংলার 'সংযোগ' অনুষ্ঠান



আন্তর্জাতিক মাতৃভাষা দিবসকে সামনে রেখে দুই বাংলার মেলবন্ধনে গত ৮ ফেব্রুয়ারি ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়ে গেল 'সংযোগ' অনুষ্ঠানের উদ্বোধন। কলকাতার সেন্ট জেভিয়ার্স কলেজ-এর প্রাক্তনী সমিতির আয়োজনে ঢাকা বিশ্ববিদ্যালয় উপাচার্য দফতরে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মশাল প্রজ্জ্বলনের মাধ্যমে এই অনুষ্ঠানের উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে যৌথভাবে অংশগ্রহণ করে বাংলাদেশের জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ভারতের ব্যাঙ্গালোর সেন্ট জোসেফ কলেজ এবং দুবাই বাঙালী সমিতি। ভারত থেকে আগত প্রতিনিধি দল উপাচার্য দফতরে আয়োজিত এক সংক্ষিপ্ত অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সাথে মিলিত হয়। প্রতিনিধি দলের সদস্যর হলেন সেন্ট জেভিয়ার্স কলেজ-এর প্রাক্তনী সমিতির আহ্বায়ক অধ্যাপক সম্রাট রায়, শুভ্র শঙ্খ বোস, শুভেচ্ছা চৌধুরী, অরিজিৎ দে, ময়ুরিকা বোস এবং সেন্ট জেভিয়ার্স ছাত্র প্রতিনিধি দল।

উপাচার্য মহান ভাষা আন্দোলনের শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদনের জন্য কলকাতা থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে আগত প্রতিনিধি দলকে অভিনন্দিত করেন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে এই কর্মসূচীর উদ্বোধন করায় তাদেরকে ধন্যবাদ জানান।

## চীনের গুয়ানঝু ইনস্টিটিউট অব জিওকেমিস্ট্রি'র সঙ্গে ঢাবি'র সমঝোতা স্মারক স্বাক্ষর



শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতামূলক সম্পর্ক গড়ে তোলার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং 'চাইনিজ একাডেমি অব সায়েন্সেস' এর 'গুয়ানঝু ইনস্টিটিউট অব জিওকেমিস্ট্রি'র মধ্যে গত ২৯ জানুয়ারী ২০১৮ এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের উপস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন এবং 'গুয়ানঝু ইনস্টিটিউট অব জিওকেমিস্ট্রি'র পরিচালক প্রফেসর ড. গ্যান ঝাং নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। উপাচার্য লাউঞ্জে আয়োজিত এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে 'গুয়ানঝু ইনস্টিটিউট অব জিওকেমিস্ট্রি'র কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন। আরও উপস্থিত ছিলেন বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আব্দুল আজিজ, রসায়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আজিজুর রহমান, অধ্যাপক ড. মো. আহসান হাবীব, ও বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান।

এই সমঝোতা স্মারকের আওতায় উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক, গবেষক ও শিক্ষার্থী বিনিময় কার্যক্রম পরিচালিত হবে। এছাড়া, দুই বিশ্ববিদ্যালয় পারস্পরিক শিক্ষা ও গবেষণা সংক্রান্ত প্রকাশনা এবং তথ্য-উপাত্ত আদান-প্রদান করবে।

## আইন ও কলা অনুষদের শিক্ষার্থীদের পরিচিতি সভা

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতরের আয়োজনে আইন ও কলা অনুষদের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ছাত্র-ছাত্রীদের পরিচিতি সভা গত ২৮ জানুয়ারি ২০১৮ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতরের পরিচালক অধ্যাপক মেহজাবীন হকের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ ও কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেনসহ বিভিন্ন বিভাগের চেয়ারম্যান ও ছাত্র-উপদেষ্টাগণ এবং বিপুল সংখ্যক নবীন শিক্ষার্থী উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে টেলিভিশন, চলচ্চিত্র ও ফটোগ্রাফি বিভাগ নির্মিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিচিতিমূলক তথ্যচিত্র প্রদর্শন করা হয়।




মহান শহীদ দিবস এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির উদ্যোগে কলকাতা বিশ্ববিদ্যালয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধ্যকার "বিশেষ প্রীতি বিতর্ক" অনুষ্ঠান গত ২১ ফেব্রুয়ারি ২০১৮ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।



ঢাকা বিশ্ববিদ্যালয় মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের একটি প্রতিনিধিদল ভারতসহ কয়েকটি সার্কভুক্ত দেশে সফরে যাওয়ার প্রাক্কালে গত ১৮ ফেব্রুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে সাক্ষাৎ করে।



শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় আয়োজিত শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ১৬ ফেব্রুয়ারি ২০১৮ চারুকলা অনুষদে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতা পরিদর্শন করেন এবং বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এসময় চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন উপস্থিত ছিলেন।



ঢাকা বিশ্ববিদ্যালয় চলচ্চিত্র সংসদ-এর উদ্যোগে সংগঠনের চলচ্চিত্র উৎসবের 'সমাপনী ও হীরালাল সেন পদক-১৪২৪' প্রদান অনুষ্ঠান গত ১৭ ফেব্রুয়ারি ২০১৮ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বিশিষ্ট নাট্য ব্যক্তিত্ব ও চলচ্চিত্র পরিচালক তৌকির আহমেদকে 'হীরালাল সেন' পদক প্রদান করেন।

# বিসিএস উত্তীর্ণ ৭০জন শিক্ষার্থীকে সংবর্ধনা

সাকসেস ফাউন্ডেশনের উদ্যোগে ৩৬তম বিসিএস উত্তীর্ণ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৭০জন শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠান গত ২৬ জানুয়ারি ২০১৮ বিজনেস স্টাডিজ



অনুষদের কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিসিএস উত্তীর্ণ শিক্ষার্থীদের মাঝে ক্রেস্ট বিতরণ করেন। এসময় মোটিভেশনাল প্রবন্ধ উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট বিভাগের অধ্যাপক ড. মো. মোশাররফ হোসেন।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় জ্ঞান চর্চার জায়গা। প্রতিকূলতা সত্ত্বেও এখানকার শিক্ষার্থীরা কালে কালে তাদের মেধার স্ফূরণ ঘটিয়েছে। কিছু পথহারাকে অনুসরণ না করে বিজয়ী শিক্ষার্থীদেরকে অনুসরণ করে বর্তমান শিক্ষার্থীদেরকে নিজেদের বিজয় ছিনিয়ে আনার উদাত্ত আহবান জানান তিনি। বিসিএস উত্তীর্ণদেরকে স্ব স্ব ক্ষেত্রে নিজেদের দায়িত্ব দেশপ্রেমে অনুপ্রাণিত হয়ে সম্পন্ন করার পরামর্শও প্রদান করেন উপাচার্য।

# ভাস্কর্য বিভাগের ৫৫ বছর পূর্তি উপলক্ষে দিনব্যাপী অনুষ্ঠান

ঢাকা বিশ্ববিদ্যালয় ভাস্কর্য বিভাগের ৫৫ বছর পূর্তি উপলক্ষে গত ১৬ ফেব্রুয়ারি ২০১৮ পুনর্মিলনী ও প্রাক্তনি সমাবেশের আয়োজন করা হয়। চারুকলা অনুষদ প্রাঙ্গণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।




বিভাগীয় চেয়ারম্যান এ এ এম কাওসার হাসানের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন, ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি এ কে আজাদ, বিভাগের অনারারি অধ্যাপক হামিদুজ্জামান খান প্রমুখ উপস্থিত ছিলেন।

উদ্বোধনী বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, একটি বিশ্ববিদ্যালয় এগিয়ে যায় তার অ্যালামনাইদের কর্মের মাধ্যমে। তিনি আরও বলেন, ক্যাম্পাসে থাকাকালীন আপনাদের অনেক স্মৃতি রয়েছে। আজ সেই আনন্দঘন দিন, স্মৃতিচারণের দিন। নতুন প্রজন্মের সাথে সেসব স্মৃতি রোমন্থনের মধ্য দিয়ে তাদের মাঝে মূল্যবোধ জাগ্রত করতে ভূমিকা রাখবে। চারুকলার শিক্ষার্থীরা অসাম্প্রদায়িক চেতনা ধারণ করে উল্লেখ করে উপাচার্য বলেন, সামনের দিনগুলোতেও এ চেতনাকে সমুন্নত রেখে সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে অগ্রণী ভূমিকা রাখবে তারা।

দিনব্যাপী অন্যান্য অনুষ্ঠানের মধ্যে ছিল- প্রদর্শনী, স্মৃতিচারণা, সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি।

উল্লেখ্য, চারুকলা অনুষদের ভাস্কর্য বিভাগ ১৯৬৩ সালে শিল্পাচার্য জয়নুল আবেদিনের উৎসাহে অধ্যাপক আবদুর রাজ্জাকের নেতৃত্বে যাত্রা শুরু করে। আধুনিক ভাস্কর্যশিল্প শিক্ষা ও চর্চার ক্ষেত্রে বিভাগটি অবদান রেখে চলেছে। এই বিভাগের শতাধিক শিক্ষার্থী দেশ-বিদেশে ভাস্কর হিসেবে খ্যাতি অর্জন করেছেন।

# ঢাবি অর্থনীতি বিভাগের শিক্ষার্থীদের জন্য 'গোষ্ঠী স্বাস্থ্য বীমা' প্রকল্প চালু

ঢাকা বিশ্ববিদ্যালয় অর্থনীতি বিভাগের নিয়মিত শিক্ষার্থীদের জন্য "গোষ্ঠী স্বাস্থ্য বীমা প্রকল্প" চালু করা হয়েছে। এ লক্ষ্যে গত ২২ ফেব্রুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয় অর্থনীতি বিভাগ এবং প্রগতি লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড-এর মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। অর্থনীতি বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. নাজমা বেগম এবং প্রগতি লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড-এর ব্যবস্থাপনা পরিচালক ও সি ই ও মো: জালাল উল আজিম নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন।



ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে আয়োজিত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. সৈয়দ আব্দুল হামিদ, প্রগতি লাইফ ইন্স্যুরেন্স-এর জেনারেল ম্যানেজার জিয়াউল হক সহ অর্থনীতি বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

এই প্রকল্পের আওতায় অর্থনীতি বিভাগের শিক্ষার্থীরা হাসপাতালে ভর্তি হলে বীমা কোম্পানীর কাছ থেকে প্রতিদিন ৩ হাজার টাকা হিসেবে বছরে সর্বমোট ৩০ হাজার টাকা লাভ করবে। এছাড়া বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শ, রোগ নির্ণয় সহ হাসপাতালের বিভিন্ন বহির্বিভাগ সেবা এই প্রকল্পে অর্ন্তভূক্ত করা হবে। এই ধরনের সেবার জন্য শিক্ষার্থীরা বছরে মোট ৩ হাজার টাকা পাবে। কোন শিক্ষার্থীর মৃত্যু ঘটলে বীমা কোম্পানী সংশ্লিষ্ট পরিবারকে ৫০ হাজার টাকা প্রদান করবে। গোষ্ঠী স্বাস্থ্য বীমার জন্য বীমা কোম্পানীকে বছরে মাথাপিছু মোট ৪শ' টাকা প্রিমিয়াম প্রদান করতে হবে। প্রিমিয়ামের পঞ্চাশ ভাগ অর্থনীতি বিভাগ এবং পঞ্চাশ ভাগ শিক্ষার্থীরা বহন করবে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান স্বাস্থ্য বীমা সম্পর্কে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, ২০২১ সালের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থীকে স্বাস্থ্য বীমা প্রকল্পের আওতায় আনা হবে।

# ঢাবি শিক্ষকদের জন্য দিনব্যাপী কর্মশালা




ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার অফ এক্সিলেন্স ইন টিচিং এন্ড লার্নিং-এর উদ্যোগে বিশ্ববিদ্যালয়ে নবনিযুক্ত ৫০জন প্রভাষকের জন্য Induction Workshop গত ১৮ জানুয়ারি ২০১৮ উপাচার্য দফতর সংলগ্ন আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল কক্ষে অনুষ্ঠিত হয়েছে। সেন্টারের পরিচালক অধ্যাপক ড. সাবিতা রিজওয়ানা রহমানের তত্ত্বাবধানে দিনব্যাপী এই কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় বিশেষজ্ঞবৃন্দ শিক্ষা ব্যবস্থাপনা এবং শিক্ষা প্রদান সংক্রান্ত প্রায়োগিক বিষয়ে আলোচনা করেন।

বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মশালায় অংশগ্রহণকারী শিক্ষকদের মাঝে সার্টিফিকেট বিতরণ করেন।

# অধ্যাপক এইচ কে এস আরেফিন স্মারক বক্তৃতা

বিশিষ্ট নৃবিজ্ঞানী অধ্যাপক ড. হেলাল উদ্দিন খান শামসুল আরেফিন (অধ্যাপক এইচ কে এস আরেফিন) স্মারক বক্তৃতা গত ৬ ফেব্রুয়ারি ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয় মুজাফফর আহমদ চৌধুরী মিলনায়তনে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় নৃবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. জহির আহমেদ স্মারক বক্তৃতা প্রদান করেন। অধ্যাপক এইচ কে এস আরেফিন স্মারক বক্তৃতা আয়োজক কমিটি এই অনুষ্ঠানের আয়োজন করে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয় নৃবিজ্ঞান বিভাগের প্রয়াত অধ্যাপক ড. এইচ কে এস আরেফিনের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন, তিনি অত্যন্ত সত্যনিষ্ঠ মানুষ ছিলেন। শিক্ষার্থীবান্ধব, সৎ ও আদর্শ শিক্ষক ছিলেন তিনি। দেশের শিক্ষা ও গবেষণার উন্নয়নে তিনি আজীবন কাজ করে গেছেন। তার আদর্শ অনুসরণ করে ভাল মানুষ হিসেবে গড়ে ওঠার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহবান জানান।

উল্লেখ্য, অধ্যাপক এইচ কে এস আরেফিন ২০১৬ সালের ২৪ ডিসেম্বর ইন্তেকাল করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৮ বছর।



ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রাক্তন ছাত্র সমিতি আয়োজিত '৩০তম পুনর্মিলনী ও সাধারণ সভা ২০১৮' গত ৯ ফেব্রুয়ারি ২০১৮ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আতাউর রহমান মিয়াজী, ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি এ কে আজাদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমিতির সভাপতি অধ্যাপক ড. নাজমা খান মজলিস। অনুষ্ঠানে পুনর্মিলনী ও সাধারণ সভা উপলক্ষে প্রকাশিত স্মারক সংকলন 'অরনি-১৬'-এর মোড়ক উন্মোচন করা হয়। ছবিতে অতিথিদের হাতে স্মারক সংকলনটি দেখা যাচ্ছে।

**সম্পাদক: মাহমুদ আলম,** উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫